

সংসদে প্রমোত্তর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিগগিরই শিক্ষক নিয়োগ

নিজস্ব প্রতিবেদক

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোহাম্মদ হুমায়ূন আহমেদ বলেছেন, দেশের রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূন্য পদে সরকারি বিধি অনুযায়ী শিগগিরই শিক্ষক নিয়োগ করা হবে। জাতীয় সংসদ অধিবেশনে গতকাল রবিবার প্রমোত্তর পর্বে তিনি এ কথা জানান।

সরকারি দলের সদস্য পত্নী নাথের লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে দুই লাখ ১১ হাজার ৭৫৭ জন শিক্ষক কর্মরত আছেন। অরসরগ্রহণ ও অন্যান্য কারণে পূন্য পদে নতুন নিয়োগের মাধ্যমে শিক্ষক পদায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। সরকারি পিছান্ড অনুযায়ী রেজিস্টার্ড বেসরকারি বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। এসব বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের চাকরি সরকারিকরণ করা হয়েছে। জাতীয়করণ করা রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে পূন্য পদে সরকারি বিধি অনুযায়ী শিগগিরই নতুন শিক্ষক নিয়োগ করা হবে।

একই প্রশ্নের জবাবে মন্ত্রী আরো জানান, সম্প্রতি সরকার ২৬ হাজার ২০০ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করেছে। এসব ক্রম প্রথমত চারজন শিক্ষক নিয়ে শুরু হয়। এরপর বেশ কিছু নিয়োগ দেওয়া হলেও টাকা পয়গামোতে এবার সরকারি শিক্ষক নিয়োগ দেবে।

অষ্টম শ্রেণীতে উন্নীত হবে তিন হাজার ২৮০টি প্রাথমিক বিদ্যালয়। প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আরো জানান, প্রাথমিক শিক্ষকদের অষ্টম শ্রেণীতে উন্নীতকরণের ব্যবস্থা প্রায়জনীয়তা সম্পন্ন বিদ্যালয়গুলো চিহ্নিত করা হয়েছে। পর্যায়ক্রমে তিন হাজার ২৮০টি প্রাথমিক বিদ্যালয়কে অষ্টম শ্রেণীতে উন্নীত করা হবে।